

একদিন

29th January, 2013

হাঁটু বদলাতে নতুন প্রযুক্তি

নিজস্ব প্রতিবেদন: বিদেশের পর হাঁটুর প্রতিস্থাপনে কলকাতায় এই প্রথম নয়া প্রযুক্তির যন্ত্রের ব্যবহার শুরু করল এক বেসরকারি হাসপাতাল। প্রায় দেড় কোটি টাকা খরচে অত্যাধুনিক এই যন্ত্রটি আনানো হয়েছে। নাম 'অর্থোপাইলট'। ছ' মাস আগে যন্ত্রের ব্যবহার চালু হলেও সোমবার কান্ধগাছির বাসিন্দা সায়রা কোঠারি নামে এক রোগীর অস্ত্রোপচার 'লাইভ' দেখানো হয়। ৬৩ বছর বয়সের এই রোগিণীর দু'টো হাঁটুই অকেজো হয়ে পড়েছিল। এদিন তাঁর হাঁটুর প্রতিস্থাপন করা হয়। অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের প্রাক্তন ফ্যাকাল্টি কৃষ্ণকিরণ, কমপিউটারাইজড অ্যাসিস্টেড জয়েন্ট

রিপ্লেসমেন্ট সার্জেন সন্তোষ কুমার অস্ত্রোপচার করেন। সায়রা কোঠারি এখন সুস্থ। দিন পাঁচেকের মধ্যে তাঁকে ছুটি দিয়ে দেওয়া হবে বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। যন্ত্রের কার্যকলাপ সম্পর্কে হাসপাতালের সিইও প্রদীপ ট্যান্ডন বলেন, অন্যান্য যন্ত্রের থেকে এই যন্ত্রের কার্যকারিতা অনেক বেশি। পুরোটাই কমপিউটারাইজড। চিকিৎসক সন্তোষকুমার বলেন, শিক্ষামূলক কাজের উদ্দেশ্যে 'লাইভ' দেখানো হয়েছে। এই নয়া প্রযুক্তির সাহায্যে পরিকল্পনামাফিক কাজ করা সম্ভব। এদিনের এই উপস্থাপনা দেখতে অন্যান্য নামী অর্থোপেডিক সার্জেনরাও উপস্থিত ছিলেন।